



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ০২৩

রাজশাহীতে বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর ৭৪তম জন্মবার্ষিকী উদ্‌যাপন

রাজশাহী; ২১ শ্রাবণ (০৫ আগস্ট):

আজ শনিবার (০৫ আগস্ট) রাজশাহীতে বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর ৭৪তম জন্মবার্ষিকী উদ্‌যাপন করা হয়। এ উপলক্ষে সকালে জেলা শিল্পকলা একাডেমিতে 'শহিদ ক্যাপ্টেন শেখ কামাল: নির্মল তারুণ্যের অগ্রদূত' শীর্ষক আলোচনাসভা অনুষ্ঠিত হয়।

রাজশাহী জেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর।

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় শহিদ ক্যাপ্টেন শেখ কামালকে তারুণ্যের উজ্জ্বলিত প্রতীক উল্লেখ করে বলেন, আজকের আলোচনাসভার মূখ্য উদ্দেশ্য শেখ কামালের জীবন থেকে আমাদের যুবসমাজ কী শিখবে, কী জানবে, কেন তাঁকে অনুসরণ করবে, তাঁর প্রতি আমাদের কী দায়বদ্ধতা আছে; তা জানা এবং তাঁর অসমাপ্ত কাজগুলো সমাপ্ত করা।

বিভাগীয় কমিশনার বলেন, দেশকে শত্রুমুক্ত করার অভিপ্রায়ে বঙ্গবন্ধুর ডাকে দেশের জনগণের সাথে তিনিও যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলেন। তিনি শেখ মুজিবের উত্তরসূরি হিসেবে নিজেকে গড়ে তুলেছিলেন। দেশের ক্রীড়াঙ্গনে তাঁর অবদান অপরিসীম। তিনি আবাহনী ক্রীড়াচক্র প্রতিষ্ঠা করেছেন, ভালো গান করতেন, সেতারা বাজানোতেও বেশ পারদর্শী ছিলেন।

যে গুণাবলি থাকলে একজন মানুষ অনুকরণীয় ও অনুসরণীয় হয়ে উঠতে পারে এর প্রায় সব গুণ শেখ কামালের মধ্যে ছিল মন্তব্য করে তিনি বলেন, খেলাধুলা ও সংস্কৃতিচর্চাসহ বহুমাত্রিক প্রতিভার অধিকারী ছিলেন শেখ কামাল। তিনি আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় নাট্য প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করেছিলেন। এসময় বিভাগীয় কমিশনার শেখ কামালের জীবনী থেকে শিক্ষা নিয়ে দেশের উন্নয়নে ভবিষ্যৎ প্রজন্মকে এগিয়ে আসতে উদ্বুদ্ধ করেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের প্রফেসর (অব:) মলয় কুমার ভৌমিক অনুষ্ঠানে আলোচক হিসাবে বক্তৃতা করেন।

রাজশাহী জেলা প্রশাসক শামীম আহমেদের সভাপতিত্বে আলোচনাসভায় রাজশাহী রেঞ্জের অতিরিক্ত ডিআইজি মোঃ রশিদুল হাসান, উপপুলিশ কমিশনার মো: সাইফউদ্দিন শাহীন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন।

এর আগে জেলা শিল্পকলা একাডেমি চত্বরে বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানিয়ে বৃক্ষ রোপণ করা হয়।

অনুষ্ঠান শেষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে অসচ্ছল সাংস্কৃতিক ব্যক্তিত্বদের হাতে অনুদানের চেক তুলে দেয়া হয়।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২৩/১৩:৩০ঘ.